# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

**বাংলাদেশ নৌবাহিনী, খুলনা**

EOI-বাবি- ২৯/১৬৩/২৫-২৬ ২৫ সেপ্টেম্বর ২০২৫

## INVITATION FOR EXPRESSION OF INTEREST (EOI) FOR 1× LCT-3 (NB-800) CONSTRUCTION WORK

| | | |
|---|---|---|
| ০১। | EOI আহবানকারী প্রতিষ্ঠানের নাম | খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বিএন, খুলনা। |
| ০২। | কাজের বিবরণ এবং পরিমান | ০১টি এলসিটি-৩ (জব নং- নঃনিঃ ৮০০) জাহাজের নির্মাণ সংশ্লিষ্ট বিভিন্ন কাজ (ড্রইং মোতাবেক LR সার্ভেয়ার ও খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল কর্তৃক ইন্স্পেক্শন্ ও অনুমোদন সাপেক্ষে পাইপিং, শ্যাফটিং, মেশিনারীজ ইকুইপমেন্ট ও এক্সেসরিজ সংশ্লিষ্ট কাজ, ব্লাষ্টিং ও পেইন্টিং কাজ, প্যানেলিং, সিলিং ও ল্যাগিং/ইন্সুলেশন ইত্যাদি) যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য EOI আহবান প্রসঙ্গে। |
| ০৩। | EOI জমার তারিখ | ১২ অক্টোবর ২০২৫ (বেলা ১১.১৫ ঘটিকা পর্যন্ত)। |
| ০৪। | EOI খোলার তারিখ ও সময় | ১২ অক্টোবর ২০২৫ বেলা ১১.৩০ ঘটিকায় খুলনা শিপইয়ার্ডের এমপ্লয়িজ ক্লাবে। |
| ০৫। | EOI প্রাপ্তির স্থান | ক) খুলনা শিপইয়ার্ড লিঃ এর বাণিজ্যিক লোকাল শাখা হতে অফিস চলাকালীন সময়ে।<br>খ) খুলনা শিপইয়ার্ড লিঃ এর ওয়েবসাইট হতে ডাউনলোড করে নেওয়া যাবে। (Website: www.khulnashipyard.gov.bd) |
| ০৬। | EOI দাখিলের স্থান | খুলনা শিপইয়ার্ড লিঃ এর প্রধান গেটে রক্ষিত টেন্ডার বক্সে বন্ধ খামে জমা প্রদান করতে হবে অথবা Online এ (Email: oiccoml.ksy@gmail.com) এ দরপত্র দাখিল করা যাবে। |
| ০৭। | জামানতের পরিমান | উদ্ধৃত দরের ৩% হারে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে ডিডি /পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) প্রদান করতে হবে । |
| ০৮। | যোগাযোগের মাধ্যম | ফোন ঃ ০২-৪৪১১০৯৮৭/ ৪৪১১৯৯০<br>মোবাইল ঃ ০১৫২১২৫৩৮০৫, ০১৭১৬-৭০৩৪৭৭<br>ফ্যাক্স ঃ +৮৮-০২-৪৭৭৭২০৪০৪<br>ইমেইল ঃ oiccoml.ksy@gmail.com<br>ওয়েবসাইটঃ www.khulnashipyard.gov.bd |
| ০৯। | বিশেষ নির্দেশাবলী | খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন /সকল EOI গ্রহণ / বাতিল করার অধিকার সংরক্ষন করেন। |

ডিজিএম (সিএন্ডপি)

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

## বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, **Website: www.khulnashipyard.gov.bd**
**E-mail : oiccoml.ksy@gmail.com**

EOI নং-বাবি (এল)-২৯/১৬৩/২৫-২৬ তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০২৫

**INVITATION FOR EXPRESSION OF INTEREST (EOI) FOR 1× LCT-3 (NB-800) CONSTRUCTION WORK**

-----------------------------
-----------------------------
-----------------------------
মোবাইলঃ
ইমেইলঃ

**(জব নং- নঃনিঃ ৮০০) ০১টি এলসিটি-৩ জাহাজের নির্মাণ সংশ্লিষ্ট কাজ যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য EOI আহবান প্রসঙ্গে।**

খুলনা শিপইয়ার্ড লিমিটেডে নির্মিতব্য ০১টি এলসিটি (দৈর্ঘ্য: ৭৪.৫০ মিটার, প্রস্থ: ১৩.০০ মিটার, উচ্চতা: ১৪.৩০ মিটার, ওজন: ১৫০৫ টন) নিম্নেবর্ণিত কাজের জন্য সীলমোহরযুক্ত খামে নিম্নোক্ত নিয়ম কানুন পালন সাপেক্ষে EOI আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | কাজের বিবরণ | কাজের পরিমান (আনুমানিক) | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | **পাইপিং কাজঃ** নিম্নোক্ত পাইপিং সিস্টেমের ড্রইং এবং স্ট্যান্ডার্ড পাইপিং প্রাকটিস অনুযায়ী পাইপ ফেব্রিকেশন, ওয়েল্ডিং, পাইপ সাপোর্ট ফিটিং, টেষ্টিং সহ সকল কাজ (খুশিলি প্রাঙ্গনে মালামাল পরিবহন, মার্কিং, কাটিং , গ্রাইন্ডিং) সম্পন্ন করতে হবে।<br>**পাইপিং সিস্টেমঃ**<br>১) চিল্ড ওয়াটার সিস্টেম।<br>২) স্টীয়ারিং হাইড্রোলিক সিস্টেম।<br>৩) ব্ল্যাক এবং গ্রে ওয়াটার সিস্টেম।<br>৪) এগজস্ট গ্যাস সিস্টেম।<br>৫) বিলজ সিস্টেম।<br>৬) বালাস্ট সিস্টেম।<br>৭) লুব অয়েল সিস্টেম।<br>৮) মেইন প্রপালশন লুব অয়েল সিস্টেম।<br>৯) ফায়ার মেইন এবং ওয়াশ ডাউন সিস্টেম।<br>১০) ভেন্ট এবং সাউন্ডিং সিস্টেম।<br>১১) ফুয়েল অয়েল সার্ভিস সিস্টেম।<br>১২) ফুয়েল অয়েল ফিলিং এবং ট্রান্সফার সিস্টেম।<br>১৩) ফুয়েল অয়েল ওভারফ্লো সিস্টেম।<br>১৪) ডেক স্ক্যাপার সিস্টেম।<br>১৫) অয়েলি ওয়াটার সিস্টেম।<br>১৬) কম্প্রেসড এবং কন্ট্রোল এয়ার সিস্টেম।<br>১৭) মেইন ইঞ্জিন, ডিজি সী-ওয়াটার কুলিং সিস্টেম।<br>১৮) ফ্রেশ ওয়াটার জেনারেশন ও ডোমেস্টিক ফ্রেশ ওয়াটার সিস্টেম।<br>১৯) সিওটু ফায়ার এক্সটেনগুয়িশিং সিস্টেম।<br>২০) ম্যাগাজিন স্প্রে সিস্টেম।<br>২১) ভিয়েইকেল ডেক স্প্রীংক্লার সিস্টেম।<br>২২) সী বে এবং সী চেস্ট এ্যারেঞ্জমেন্ট সিস্টেম।<br>২৩) ভয়েস পাইপিং সিস্টেম।<br>**বিঃদ্রঃ সী সাকশন ও ওভারবোর্ড পাইপ হালের সহিত ওয়েল্ডিং RT করতে হবে (খুশিলি কর্তৃক)।** | **সাইজ অনুযায়ী আনুমানিক পাইপের পরিমানঃ**<br>১) Ø ১/৪″ হতে Ø ১১/২″ দৈর্ঘ্য = ২৯৫০ মিটার<br>২) Ø ২″ হতে Ø ৫″ দৈর্ঘ্য = ৩১৫০ মিটার<br>৩) Ø ৬″ হতে Ø ১২″ দৈর্ঘ্য = ১২০ মিটার | নির্মাণ কাজের প্রতিটি ধাপে খুশিলি QC ও খুশিলি কর্তৃক নিয়োগকৃত LR Class এর মাধ্যমে গুনগতমান নিশ্চিত করতে হবে। |

| ক্রঃ নং | কাজের বিবরণ | কাজের পরিমান (আনুমানিক) | মন্তব্য |
|---|---|---|---|
| ২. | **শ্যাফটিং ও মেশিনারীঃ** জাহাজের ড্রইং অনুযায়ী প্রোপালশন ও স্টীয়ারিং সিস্টেম এ্যালাইনমেন্ট, স্থাপন ও টেস্ট-ট্রায়াল করা। ড্রয়িং অনুযায়ী মেশিনারী ফাউন্ডেশন তৈরি ও ফিটিং করা। মেশিনারী এ্যারেঞ্জমেন্ট ড্রয়িং অনুযায়ী বিভিন্ন মেশিনারীজ ও ইকুইপমেন্ট স্থাপন করা। | **মেজর মেশিনারীজ ও ইকুইপমেন্টঃ**<br>১) পোর্ট ও স্টারবোর্ড মেইন ইঞ্জিন (২২৪০ কিলোওয়াট), গিয়ার বক্স, শ্যাফটিং ও স্টীয়ারিং সিস্টেম- সংখ্যা ০২ সেট ।<br>২) মেইন জেনারেটর (২৭২ কিলোওয়াট)- সংখ্যা ০২ টি এবং ইমার্জেন্সী জেনারেটর (১২৯ কিলোওয়াট)- সংখ্যা ০১ টি ।<br>৩) বিভিন্ন সাইজের পাম্প-সংখ্যা ২৭ টি।<br>৪) OWS-সংখ্যা ০১ টি, STP-সংখ্যা ০১ টি।<br>৫) হট ওয়াটার ক্যালোরিফায়ার-সংখ্যা ০১ টি।<br>৬) লো প্রেসার ও হাই প্রেসার এয়ার কম্প্রেসর ও রিসিভার-সংখ্যা ০৩ সেট।<br>৭) ফিক্সড সিওটু ইউনিট সিস্টেমসহ- সংখ্যা ০১টি।<br>৮) চিলার ইউনিট- সংখ্যা ০১ টি, রেফ্রিজারেশন প্লান্ট- সংখ্যা ০১ টি।<br>৯) সী ওয়াটার হাইড্রোফোর- সংখ্যা ০১ টি।<br>১০) ফ্রেশ ওয়াটার হাইড্রোফোর- সংখ্যা ০১ টি।<br>১১) গারভেজ কম্পেক্টর- সংখ্যা ০১ টি।<br>১২) ফ্রেশ ওয়াটার জেনারেশন- সংখ্যা ০১ টি।<br>১৩) বিল্‌জ ইজেক্টর- সংখ্যা ০৪ টি।<br>১৪) কুইক ক্লোজিং সিস্টেম।<br>১৫) ড্রয়িং ও চুক্তি অনুযায়ী অন্যান্য মেশিনারী। | |
| ৩. | **ব্লাষ্টিং ও পেইন্টিং কাজঃ** | ১) শর্ট/গ্রীড ব্লাষ্টিং : ১০,৫৫০ বর্গমিটার।<br>২) স্যান্ডব্লাষ্টিং : ১১,৪৩০ বর্গমিটার।<br>৩) ইন সাইড পেইন্টিং প্রতি কোট : ২৯,৫০০ বর্গমিটার।<br>৪) আউট সাইড পেইন্টিং প্রতি কোট : ২৯,৫০০ বর্গমিটার।<br>**(ড্রয়িং মোতাবেক)** | |
| ৪. | **প্যানেলিং ও সিলিং তৈরী ও ফিটিং কাজঃ** | আনুমানিক: ১৩,১৩০ বর্গমিটার<br>**(ড্রয়িং মোতাবেক)** | |
| ৫. | **ল্যাগিং/ইন্সুলেশন তৈরী ও ফিটিং কাজঃ** | আনুমানিক: ১০,৭০০ বর্গমিটার<br>**(ড্রয়িং মোতাবেক)** | |

ক। যৌথ ব্যবসায়িক চুক্তিতে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের যোগ্যতা ঃ

১) **সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের ডিপার্টমেন্ট অফ শিপিং (DOS) এর অধীনে জাহাজ নির্মাণ সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। এ সংক্রান্ত প্রমান দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।**

২) **ট্রেড লাইসেন্স, TIN, VAT/TAX সনদের সত্যায়িত হালনাগাদ কপি দাখিল করতে হবে।**

৩) **বর্ণিত কাজের বিস্তারিত বিবরণ এবং শর্তাবলীর বিষয়ে একটি সম্মতি পত্র প্রদান করতে হবে।**

৪) চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে লঞ্চিং এবং পরবর্তী ৬০ দিন এর মধ্যে এলসিটি এর ডেলিভারী সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ওয়েল্ডার, পাইপ ফিটার, মেরিণ ফিটার, পেইন্টার, কার্পেন্টার এবং সেইল মেকার নিয়োজিত থাকতে হবে।

৫) সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নির্মাণ কাজ সংশ্লিষ্ট নিজস্ব উৎপাদন সুবিধাদি থাকতে হবে (ইনস্ট্রুমেন্টস, ইকুইপমেন্টস এবং স্থাপনা)।

৬) এলসিটি নির্মাণ সংশ্লিষ্ট সকল কাজ খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং LR (Lloyds Register) ক্লাসের নির্দেশিকা মোতাবেক গুণগতমান বজায় রেখে সম্পন্ন করতে হবে।

খ। খুলনা শিপইয়ার্ড লিমিটেডে (জব নং- নঃনিঃ ৮০০) ০১টি এলসিটি-৩ জাহাজের নির্মাণ সংশ্লিষ্ট উপরোল্লিখিত কাজ সংযুক্ত ড্রয়িং (ANNEX-A) মোতাবেক যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য সর্বমোট দর (ANNEX-B) প্রদান করতে হবে।

গ। EOI জমা দেয়ার স্থান এবং দাখিল করার শেষ সময় ঃ

১) খুলনা শিপইয়ার্ড লিঃ বিএন, খুলনা এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে অথবা Online এ (email: oiccoml.ksy@gmail.com) এ EOI দাখিল করা যাবে। তবে ই-মেইলে EOI প্রদানের ক্ষেত্রে অবশ্যই আর্নেষ্ট মানি বাবদ পে-অর্ডার/ সমপরিমান টাকার ডিমান্ড ড্রাফট এর স্ক্যান কপি তারিখ ১২ অক্টোবর ২০২৫ বেলা ১১.১৫ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে এবং ২৪ ঘন্টার মধ্যে মূল কপি বাণিজ্যিক লোকাল শাখায় পৌছাতে হবে, অন্যথায় EOI বাতিল বলে গন্য হবে। এছাড়া EOI ডাকযোগে EOI খোলার পূর্বে যথাযথ সময়ে প্রেরণ করা যেতে পারে। উল্লেখ্য, ই-মেইল যোগে EOI প্রেরনের পর বেলা ১১.১৫ ঘটিকার মধ্যে কর্তৃপক্ষকে (মোবাইলঃ ০১৭১৬-৭০৩৪৭৭) ফোন করে নিশ্চিত করতে হবে।

২) EOI দাখিল করার শেষ সময় ১২ অক্টোবর ২০২৫, বেলাঃ ১১.১৫ ঘটিকা।

ঘ। **EOI খোলার তারিখ এবং সময় ঃ**

১) ১২ অক্টোবর ২০২৫ বেলাঃ ১১.৩০ ঘটিকা, উপস্থিত দরদাতাগণ অথবা তাদের মনোনিত প্রতিনিধিদের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে।

ঙ। উল্লেখ্য খামের উপরে EOI নম্বর, খোলার তারিখ এবং সময় উল্লেখ করতে হবে।

চ। **জামানতের টাকা ঃ**

১) দরদাতাগণ EOI এর সাথে উদ্ধৃত মোট মূল্যের ৩% হারে আর্নেস্ট মানি/ জামানতের টাকা ''খুলনা শিপইয়ার্ড লিঃ'' এর অনুকূলে তফশিলভূক্ত বাংলাদেশী যে কোন ব্যাংকের পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।

২) জামানতের টাকা ব্যতীত যে কোন EOI ননরেস্পন্সিভ হিসাবে গণ্য হবে এবং EOI বাতিল বলে বিবেচিত হবে।

ছ। **শর্তাবলীঃ**

১) সংশ্লিষ্ট ঠিকাদারের ডিপার্টমেন্ট অফ শিপিং (DOS) এর অধীনে জাহাজ নির্মাণকাজ পরিচালনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। এ সংক্রান্ত প্রমাণক দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।

২) পাইপিং, শ্যাফটিং ও মেশিনারীজ কাজের ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য ন্যুনতম ২৫ জন দক্ষ পাইপ ফিটার, ০৮ জন মেরিন ফিটার এবং প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ওয়েল্ডার, ফিটার, গ্যাসকাটার ও গ্রাইন্ডার নিয়োজিত করতে হবে। সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট LR (Lloyds Register) ক্লাস সার্টিফাইড কমপক্ষে ১০ জন ওয়েল্ডার (6G TIG welder ০৫ জন, 6G Arc welder ০৫ জন)নিয়োজিত করতে হবে এবং তাদের সনদের ফটোকপি দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।

৩) LR ক্লাসের গাইড লাইন অনুসারে কাজের মান নিশ্চিত করতে হবে। খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং LR ক্লাসের সন্তোষজনক ইন্স্‌পেক্শন্ করে অনুমোদন রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে সকল কাজ সম্পন্ন করতে হবে।

৪) নির্মাণ কাজের ক্ষেত্রে সকল প্রকার কনজ্যুমেবল আইটেম (মাস্কিং টেপ, প্লেন গ্লাস, লেদার হ্যান্ড গ্লোভস, কটন হ্যান্ড গ্লোভস, ওয়্যার ব্রাশ, পেন্সিল গ্রাইন্ডিং মেশিন ও মাউন্টেন স্টোন, গেঞ্জি কাটিং জুট, ইলেকট্রোড, গ্রাইন্ডিং ডিস্ক, কাটিং ডিস্ক, ফ্লাপডিস্ক, এলপি গ্যাস, অক্সিজেন গ্যাস ইত্যাদি) ঠিকাদার কর্তৃক সরবরাহ করতে হবে। উল্লেখ্য, ইলেকট্রোডসমূহ এবং পাইপ ওয়েল্ডিং এর ফিলার মেটাল সমূহ অবশ্যই LR Class দ্বারা অনুমোদিত হতে হবে।

৫) ঠিকাদারকে অবশ্যই গুনগতমান সম্পন্ন নিজস্ব প্রয়োজনীয় ওয়েল্ডিং মেশিন (ওয়েল্ডিং ক্যাবল এবং সার্ভিস কানেকশন ক্যাবল সহ) গ্রাইন্ডিং মেশিন, (সার্ভিস ক্যাবল সহ), হ্যান্ডশিল্ড (ব্লু গ্লাস ও সাদা গ্লাস), লতাবাতি (ক্যাবল ও হোল্ডার সহ), গ্যাস কাটিং টর্চ (হোজ পাইপ ও নজেল রেগুলেটর সহ কমপ্লিট), অটো গ্যাস কাটিং সেট (অপারেটর সহ), চিপিং হ্যামার, হ্যান্ড গ্লোবস, হাইড্রোলিক জ্যাক/মেকানিক্যাল জ্যাক, ষ্টীল ওয়্যার ব্রাশ, ব্লাষ্টিং মেশিন, এয়ার কম্প্রেসর, এয়ার রিজার্ভ ট্যাংক, হোজ পাইপ ফিটিংসহ, ব্লাষ্টিং নজেল, ইলেকট্রিক ব্লোয়ার, ভ্যাকুয়াম মেশিন, পোর্টেবল ভ্যাকুয়াম মেশিন, ব্লাষ্টিং হেলমেট, ইলেকট্রিক বাল্ব, লতাবাতি ক্যাবলসহ, হ্যালোজেন লাইট সেড ক্যাবলসহ, ক্লিনিং ব্রাশ, এয়ার লেস স্প্রে মেশিন, মার্কিং ক্লথ, মিক্সিং স্টাটার, সেফটি হেলমেট, পেইন্টিং এপ্রোন, মেজারিং ইনস্ট্রুমেন্ট পেইন্টিং ব্রাশ, স্প্রে গান, নজেল, রোলার/রিফিল ব্রাশ, ড্রিল মেশিন, ড্রিল বিট, পাওয়ার বিট ইত্যাদি প্রয়োজনীয় মালামাল খুশিলির মেইন গেটে এন্ট্রি পূর্বক প্রবেশ করাতে হবে।

৬) ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত শ্রমিক এবং ম্যাটেরিয়ালের সেফটি সহ শ্রমিকদের নিরাপত্তা গিয়ার (PPE) যেমন- বয়লার স্যুট, সেফটি স্যু, সেফটি হেলমেট, হ্যান্ড গ্লোভস, বডি হার্নেস ইত্যাদি পরিধান নিশ্চিত করতে হবে।

৭) কাজের সকল রি-ওয়ার্কের দায়ভার ঠিকাদারকেই বহন করতে হবে।

৮) ঠিকাদার কর্তৃক এমএস পাইপ ফেব্রিকেশন দ্রুততার সহিত সম্পন্ন করতে হবে, পরবর্তীতে খুশিলি কর্তৃক গ্যালভানাইজিং সম্পন্ন করা হবে।

৯) সকল ধরণের ওয়েল্ডিং, ওয়েল্ডিং সিডিউল অনুযায়ী করতে হবে।

১০) Ships owner, খুশিলির QC সেল এবং LR surveyor কর্তৃক সন্তোষজনক ইন্স্পেক্শন্ করাতে হবে এবং সকল রিমার্কস ঠিকাদার তার নিজস্ব ব্যবস্থাপনায় সমাধান করবে।

১১) কাজের ধরণের উপর ভিত্তি করে (পাইপিং সংশ্লিষ্ট কাজ, মেশিনারীজ ও শ্যাফটিং এর কাজ, ব্লাষ্টিং ও পেইন্টিং, প্যানেলিং ও সিলিং কাজ, ল্যাগিং/ইন্সুলেশন কাজ) সাব-কন্ট্রাক্টারের কাজ সমূহ সম্পন্নের লক্ষ্যে কারিগরি দক্ষতা সম্পন্ন এক বা একাধিক ম্যানেজার/সুপারভাইজার দায়িত্বপ্রাপ্ত থেকে সংশ্লিষ্ট কাজের তদারকি করবেন।

১২) শর্ট/গ্রীড/স্যান্ডব্লাষ্টিং দ্বারা স্টীল সারফেস প্রিপারেশন করতে হবে। স্ট্যান্ডার্ড অবশ্যই Sa - 2.5 অথবাপ্রয়োগকৃত পেইন্ট এর ডাটা শীট অনুযায়ী হতে হবে।

১৩) খুশিলি হতে প্রদানকৃত শর্ট ও গ্রীড মেজারমেন্ট করে দেওয়া হবে। ঠিকাদার কর্তৃক অবহেলা জনিত কারনে শর্ট ও গ্রীড নষ্ট হলে ঠিকাদার কর্তৃক ড্যামেজ/অর্থ (বাজার মূল্য হিসাবে) কর্তন করা হবে। শর্ট ও গ্রীড কাজের উপর নির্ভর করে সর্বোচ্চ ৫% লস ফ্যাক্টর গ্রহণ করা হবে।

১৪) গ্যালভানাইজিং, অ্যালুমিনিয়াম, কপার নিকেল পাইপ লাইন থাকলে ক্যানভাস ক্লথ দ্বারা কভার করার পর ব্লাষ্টিং শুরু করতে হবে। সারফেস প্রিপারেশন ও ইন্স্পেক্শন্ সম্পন্ন হওয়ার পরে যে সকল মালামালে পেইন্ট করা হবে না যেমন- কপার নিকেল পাইপ, ইলেকট্রিক্যাল মালামাল, মুভিং এরিয়া ইত্যাদি পাতলা পলিথিন দ্বারা কভার করতে হবে। ক্যানভাস ক্লথ, পাতলা পলিথিন খুশিলি কর্তৃক সরবরাহ করা হবে। অবহেলা জনিত কারণে কোন ধরনের পাইপ এর ক্ষতি সংঘটিত হলে ঠিকাদারকে ক্ষতি পূরণ দিতে হবে।

১৫) পেইন্ট করার পূর্বে ভ্যাকুয়াম মেশিন দ্বারা পেইন্টিং এরিয়া পরিষ্কার করে নিতে হবে।

১৬) যে অংশে পেইন্ট করা হবে উক্ত স্থানের পেইন্ট স্কীম অনুযায়ী পেইন্ট ও ২০% থিনার প্রদান করা হবে। ঠিকাদার কর্তৃক কোন অবহেলা জনিত কারনে পেইন্ট ও থিনার ঘাটতি হলে তা ঠিকাদার দায়ভার গ্রহণ করবে। কাজের গুনগতমান খারাপ হলে ঠিকাদার কর্তৃক নিজ খরচে সম্পন্ন করবেন।

১৭) এয়ারলেস স্প্রে পেইন্টিং মেশিন দ্বারা পেইন্ট করিতে হবে। ১ম কোট পেইন্ট করার পর স্কীম অনুযায়ী থিকনেস পাওয়ার জন্য ভিন্ন ভিন্ন কালার পেইন্ট দ্বারা দুইবার স্টাইক কোটিং করতে হবে। ২য় কোট পেইন্ট সম্পন্ন হওয়ার পর মিসিং এরিয়ায় টাচআপ পেইন্ট করতে হবে। খুশিলি প্রতিনিধি/কিউসি/ পিআইটি এর পরামর্শ ও ক্লিয়ারেন্স ফরম স্বাক্ষর পূর্বক উক্ত পেইন্টিং কাজ সম্পন্ন করতে হবে।

১৮) পেইন্ট শুরু করার পূর্বে হতে গ্যাস ফ্রি/হার্ড ড্রাই না হওয়া পর্যন্ত পর্যায়ক্রমে/প্রয়োজন অনুযায়ী এক বা একাধিক ইলেকট্রিক্যাল ব্লোয়ার সচল রাখতে হবে।

১৯) প্যানেলিং এর ড্রইং ও পরামর্শ মোতাবেক সকল কাজ করতে হবে। বাস্তব ভিত্তিক রুমের দৈর্ঘ্য ও প্রস্থ মেজারমেন্ট পূর্বক প্যানেলিং ও সিলিং এরিয়া (বর্গমিটার হিসাবে) কাউন্ট করা হবে।

২০) পোর্টহোল/জানালার গ্লাস এর ভিতরে প্যানেলিং সীড দ্বারা কার্পেন্ট্রী শপের প্রতিনিধির পরামর্শ মোতাবেক বক্স তৈরী ও ফিটিং করতে হবে।

২১) বিভিন্ন ইলেকট্রিক্যাল মালামাল ও পাইপ লাইনের অপারেশনাল ভাল্ব এর জন্য কার্পেন্ট্রী শপের প্রতিনিধির পরামর্শ মোতাবেক ইন্স্পেক্শন্ ডোর ফিটিং করতে হবে।

২২) বিভিন্ন অংশে ব্রাকেট ও কর্ণার প্যানেলিং শীট দ্বারা কার্পেন্ট্রী শপের প্রতিনিধির পরামর্শ মোতাবেক বক্স তৈরী করতে হবে। প্যানেলিং মালামাল ফিটিং করার পরে ইনসাইড কভার করে রাখতে হবে।

২৩) ল্যাগিং/ইন্সুলেশন এর ড্রইং ও পরামর্শ মোতাবেক সকল কাজ করতে হবে।

২৪) ব্লাষ্টিং করার পূর্বে ড্রইং ও পরামর্শ মোতাবেক ইন্সুলেশন পিন ওয়েল্ডিং/ফিটিং কাজ সম্পন্ন করতে হবে।

২৫) ওপেন এরিয়ার যে সকল এরিয়া প্যানেলিং হবে না, উক্ত স্থানে ল্যাগিং/ইন্সুলেশন ফিটিং করার পর গুলু দ্বারা ফাইবার গ্লাস ক্লোথ/ এ্যালুমনিয়াম ফয়েল টেপ ফিটিং করতে হবে।

২৬) ভুল বশত মালামাল কাটিং/বাতিল হলে ঠিকাদার কর্তৃক মালামালের ক্ষতি পূরণ/নিজ খরচে সমাধান করতে হবে।

২৭) খুশিলি কর্তৃক RAW ম্যাটেরিয়াল যেমনঃ প্যানেলিং, সিলিং, ল্যাগিং/ইন্সুলেশন, পাইপ ও পাইপ ফিটিংস, মেশিনারীজ ইকুইপমেন্ট, স্টীল প্লেট সংশ্লিষ্ট সকল মালমাল সরবরাহ করবেন।

২৮) খুশিলি কর্তৃক পাইপ বেন্ডিং মেশিন, হাইড্রোস্ট্যাটিক প্রেসার টেস্টিং মেশিন, লুব অয়েল ফ্লাশিং মেশিন, স্টীল শর্ট ৫০% ও স্টীল গ্রীড ৫০%, স্ক্যাফোল্ডিং, ওভার হেড ক্রেন, মোবাইল ক্রেন, ফর্কলিফট সহায়তা প্রদান করা হবে।

২৯) খুশিলির নিরাপত্তা নীতিমালা অনুসরন করতে হবে এবং কাজ চলাকালিন সময়ে কোন দূর্ঘটনা ঘটলে তার দায়ভার ঠিকাদার বহন করবে। এছাড়াও কাজ করতে গিয়ে ঠিকাদারী প্রতিষ্ঠানের অবহেলা/ ভুলের কারনে খুশিলির মালামালের/ জবের কোন ক্ষতি সাধন হলে তার ক্ষতিপূরণ বাবদ ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে কর্তন করা হবে।

৩০) চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে লঞ্চিং এবং পরবর্তী ৯০ দিন এর মধ্যে এলসিটি ডেলিভারী সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলেঠিকাদারের নিকট থেকে প্রতিদিন বিলম্বের জন্য টাকা ৬,০০০.০০ (ছয় হাজার) হারে জরিমানা আদায় করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার লক্ষ্যে ঠিকাদারের আবেদন সাপেক্ষে ঠিকাদারকে অফিস সময়ের পরে অতিরিক্ত সময় এবং প্রয়োজনে অফিস ছুটির দিনেও কাজ করিবার অনুমতি দেয়া যেতে পারে।

৩১) পাইপিং এবং মেশিনারীজ কাজের পরিমান কম বেশি হতে পারে। বাস্তব মেজারমেন্ট সাপেক্ষে বিল প্রদান করা যেতে পারে।

৩২) ঠিকাদার তার নিজ ব্যবস্থাপনায় কর্মস্থল এবং জাহাজ প্রত্যহ পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

৩৩) **ওয়ারেন্টিঃ** শ্যাফটিং ও মেশিনারীজ কাজের জন্য কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের তারিখ হতে ০১ (এক) বছরের ওয়ারেন্টি প্রদান করতে হবে। এজন্য শ্যাফটিং ও মেশিনারীজ কাজের মোট বিলের ১০% (সূত্র- জ.২ ও জ.৩) খুশিলিতে ০১ বছরের জন্য জমা থাকবে এবং সন্তোষজনকভাবে ওয়ারেন্টি কালিন সময় অতিবাহিত হওয়ার পর ফেরত প্রদান করা হবে।

**৩৪) অপ্রাপ্ত বয়স্ক শ্রমিক নিয়োগঃ** সরকারী আইন অনুযায়ী অপ্রাপ্ত বয়স্ক শ্রমিক কাজে নিয়োগ করা যাবে না।

৩৫) **ঠিকাদারের নিজস্ব মালামালঃ** ঠিকাদারের নিজস্ব কাজে ব্যবহৃত যন্ত্রপাতি, মালামাল শিপইয়ার্ডে মেইন গেটে এন্ট্রি করে ভিতরে প্রবেশ করাতে হবে।

জ। **বিল পরিশোধঃ** উল্লেখিত কাজ খুশিলির সংশ্লিষ্ট প্রোডাকশন অফিসার (এলসিটি-৩) এর তত্ত্বাবধান এবং নির্দেশ মোতাবেক সম্পন্ন করতে হবে। কাজ শেষে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের বিপরীতে ৩ (তিন) কপি বিল (ব্যাংকের নাম ও একাউন্ট নাম্বার সহ) দাখিল করতে হবে। প্রোডাকশন অফিসার (এলসিটি-৩), সংশ্লিষ্ট ওআইসি, সংশ্লিষ্ট ডিজিএম এবং জিএম (প্রোডাকশন) এর প্রত্যায়ন সাপেক্ষে নিম্নবর্ণিত ধাপ অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

| ক্রঃ নং | কাজের ধাপ | বিলের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | পাইপিং কাজের ক্ষেত্রে | | |
| | ন্যূনতম ২০০০ মিটার পাইপ ও পাইপিং এক্সসরিস ফেব্রিকেশন ও ফিটিং সম্পন্ন হওয়া সাপেক্ষে পার্টবিল ২৫% হিসাবে মোট কাজের জন্য (আনুমানিক ৬০০০ মিটার) সর্বমোট ৭৫% বিল প্রদান করা হবে। খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও LR surveyor কর্তৃক সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে। | ৬৫% | |
| | সকল কাজ শেষে জাহাজের টেষ্ট-ট্রায়াল পরবর্তী মালিক প্রতিনিধি, খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং LR surveyor কর্তৃক সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে। | ৩৫% | |
| ২. | শ্যাফটিং ও ষ্টীয়ারিং কাজের ক্ষেত্রে | | |
| | মেইন ইঞ্জিন (২২৪০ কিলোওয়াট), গিয়ার বক্স, শ্যাফটিং ও স্টীয়ারিং সিস্টেমঃ ০২ সেট (পোর্ট ও স্টারবোর্ড) জাহাজে স্থাপন ও এ্যালাইনমেন্ট শেষে জাহাজ প্রতিনিধি খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং LR surveyor কর্তৃক সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে। | ৬০% | অবশিষ্ট ৩০% বিল টেস্ট-ট্রায়াল এবং ১০% বিল ০১ বছর ওয়ারেন্টি পিরিয়ড শেষে সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে। |
| ৩. | ডিজি ও মেশিনারী স্থাপন কাজের ক্ষেত্রে | | |
| | মেইন ডিজেল জেনারেটর (২৭২ কিলোওয়াট)- সংখ্যা ০২ টি, এবং ইমার্জেন্সী জেনারেটর (১২৯ কিলোওয়াট)- সংখ্যা ০১ টি, ৪৫ টি অক্সিলারী মেশিনারী এবং ১১ টি ডেক মেশিনারী স্থাপন সম্পন্ন পরবর্তী খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং LR surveyor কর্তৃক সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে। | ৬০% | অবশিষ্ট ৩০% বিল টেস্ট-ট্রায়াল এবং ১০% বিল ০১ বছর ওয়ারেন্টি পিরিয়ড শেষে সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে। |
| ৪. | মেশিনারী ফাউন্ডেশন | | |
| | মেশিনারী ফাউন্ডেশন তৈরী ও ফিটিং পরবর্তী QC এবং LR Surveyor কর্তৃক সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান। | ১০০% | |

| ক্রঃ নং | কাজের ধাপ | বিলের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| **৫.** | **ব্লাষ্টিং ও পেইন্টিং কাজের ক্ষেত্রে** | | |
| | সর্বনিম্ন ৫০০০ বর্গমিটার এরিয়া শর্ট/গ্রীড ব্লাষ্টিং এর মাধ্যমে সকল সারফেস প্রিপারেশন করা সম্পন্ন হলে Ships owner, খুশিলির QC সেল, LR Surveyor এবং কার্পেন্ট্রী শপের প্রতিনিধির সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান। | ৮০% (সম্পন্নকৃত কাজের) | অবশিষ্ট ২০% বিল সম্পূর্ণ কার্য সমাপ্তির পর প্রদান করা হবে। |
| | সর্বনিম্ন ৫০০০ বর্গমিটার এরিয়া স্যান্ডব্লাষ্টিং কাজ সম্পন্ন হলে Ships owner, খুশিলির QC সেল, LR Surveyor এবং কার্পেন্ট্রী শপের প্রতিনিধির সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান। | ৮০% (সম্পন্নকৃত কাজের) | |
| | সর্বনিম্ন ৫০০০ বর্গমিটার এরিয়ার সকল পেইন্টিং কাজ সম্পন্ন হলে Ships owner, খুশিলির QC সেল, LR Surveyor এবং কার্পেন্ট্রী শপের প্রতিনিধির সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান। | ৮০% (সম্পন্নকৃত কাজের) | |
| **৬.** | **প্যানেলিং ও সিলিং কাজের ক্ষেত্রে** | | |
| | সর্বনিম্ন ৪০০০ বর্গমিটার এরিয়া সকল প্যানেলিং ও সিলিং তৈরি করা হলে Ships owner, খুশিলির QC সেল, LR Surveyor এবং কার্পেন্ট্রী শপের প্রতিনিধির সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান। | ৮০% (সম্পন্নকৃত কাজের) | অবশিষ্ট ২০% বিল সম্পূর্ণ কার্য সমাপ্তির পর প্রদান করা হবে। |
| **৭.** | **ল্যাগিং/ইন্সুলেশন কাজের ক্ষেত্রে** | | |
| | সর্বনিম্ন ৩৫০০ বর্গমিটার এরিয়ার সকল ল্যাগিং/ইন্সুলেশন ফিটিং কাজ করা হলে Ships owner, খুশিলির QC সেল, LR Surveyor এবং কার্পেন্ট্রী শপের প্রতিনিধির সন্তোষজনক ইন্স্পেক্শন্ রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান। | ৮০% (সম্পন্নকৃত কাজের) | অবশিষ্ট ২০% বিল সম্পূর্ণ কার্য সমাপ্তির পর প্রদান করা হবে। |

ঝ। **বিলম্বিত EOI ঃ** EOI খোলার নির্ধারিত সময়ের পর কোন EOI পাওয়া গেলে তাহা বিলম্বিত EOI হিসাবে গণ্য হবে এবং উক্ত EOI বাতিল করে বন্ধ অবস্থায় সংশ্লিষ্ট দরদাতার নিকট ফেরৎ দেওয়া হবে।

ঞ। **EOI এ প্রদত্ত দরের মেয়াদঃ** EOI আহবানকারী প্রতিষ্ঠানের বিবেচনার জন্য প্রদত্ত দরের মেয়াদ ৪০ (চল্লিশ) দিন পর্যন্ত কার্যকরী এবং বলবৎ থাকবে।

ট। **পিজি/ সিকিউরিটি মানিঃ**

১) চুক্তি সম্পন্যের পূর্বে কৃতকার্য দরদাতাকে পিজি/ সিকিউরিটি মানি হিসাবে ৫% হারে চুক্তিপত্রে উল্লেখিত মোট মূল্যের উপর পে-অডার্র/ ডিমান্ড ড্রাফট সরকার অনুমোদিত ব্যাংক হতে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে জমা দিতে হবে। পিজি পাওয়ার পর চুড়ান্ত চুক্তিপত্র সম্পন্ন করা হবে।

২) কৃতকার্য দরদাতা পিজি/ সিকিউরিটি মানি জমা দিতে ব্যর্থ হলে তার সাথে চুক্তি সম্পন্ন করা হবে না এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

৩) চুক্তি মোতাবেক কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ঠিকাদারের সিকিউরিটি মানি /পিজি বাজেয়াপ্ত করা হবে।

ঠ। **EOI এ প্রদত্ত দরের ব্যখ্যাঃ** EOI এর মূল্য পরীক্ষা, নির্ণয় ও তুলনা করার সুবিধার্থে EOI আহবানকারী প্রতিষ্ঠান দরদাতার নিকট উহার যে কোন ব্যাখ্যা চাইতে পারেন। তবে এরূপ ক্ষেত্রে ব্যাখ্যার অনুরোধ এবং জবাব উভয়ই লিখিতভাবে হতে হবে এবং EOI উদ্ধৃত মূল্যের অথবা EOI এর বিষয়বস্তুর কোন পরিবর্তন করার অনুরোধ গ্রাহ্য হবে না।

ড। **EOI আহবানকারী প্রতিষ্ঠান EOI গ্রহণ অথবা বাতিলের ক্ষমতাঃ** চুক্তি অর্পনের পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন EOI অথবা সকল EOI গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ঢ। **EOI এর মূল্যায়নঃ** EOI এর শর্তাবলীর, কারিগরী বিনির্দেশ, কাজের নিয়মাবলী, মূল্য এবং EOI আহবানকারী প্রতিষ্ঠানের পক্ষে সুবিধাজনক কোন বিষয়ের ভিত্তিতে EOI এর মূল্যায়ন করা হবে।

ণ। **চুক্তি অর্পনঃ**

১) EOI আহবানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেইরুপ কৃতকার্য দরদাতার উপর চুক্তি অর্পন করবেন যার EOI প্রকৃতভাবে গ্রহণযোগ্য এবং সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হয়েছেন।

২) যদি কোন দরদাতা চুক্তি প্রত্যাখান করেন তা হলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত করণ অথবা তার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

ত। সংশ্লিষ্ট কাজের জন্য সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স ব্যতিত শুধুমাত্র প্রকৃত কাজের মূল্য প্রদান করতে হবে।

থ। EOI দাখিলের পর ইহা বুঝাবে যে, EOI এ উল্লেখিত সমস্ত শর্তাবলী দরদাতা কর্তৃক গৃহীত বা স্বীকৃত হয়েছে যদি না দরদাতা তার বিপরীতে কোন স্পষ্ট বক্তব্য রাখেন।

দ। **EOI বাতিলের কারনঃ**

১) যদি EOI এ দরদাতার যথাযথ সীল ও স্বাক্ষরসহ দরপত্র সংযুক্ত না থাকে।
২) যদি আর্নেস্ট মানি টাকা যথাযথ নিয়মে এবং যথাযথ পরিমানে EOI এর সাথে সংযুক্ত না থাকে।
৩) যদি ব্যাংক গ্যারান্টি মারফত প্রদত্ত জামানতের টাকার পরিমান ও সময় EOI এর প্রয়োজন মোতাবেক না হয়।
৪) EOI এর খোলার পর যদি দরদাতা বর্ণিত মূল্য, বিনির্দেশ অথবা অন্য কোন শর্তাবলীর সংযোজন বা পরিবর্তন করেন।

ধ। **EOI এর সাথে প্রয়োজনীয় ডকুমেন্টঃ**

১) EOI এর সাথে আর্নেস্ট মানি অবশ্যই সংযুক্ত করতে হবে।
২) EOI এর সাথে হাল সনের ট্রেড লাইসেন্স, অভিজ্ঞতার সনদসহ অন্যান্য সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এম এম খায়রুল আলম
উর্ধ্বতন বাণিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

আমি/ আমরা অত্র প্রতিষ্ঠানের সকল প্রকার নিয়মনীতি মেনে ব্যবসা কার্য পরিচালনা করতে বাধ্য থাকব।

প্রতিষ্ঠানের সীল /মোহরঃ

স্বাত্ত্বাধীকারীর স্বাক্ষর ও তারিখ

**EOI আহবানকারী কমিটির স্বাক্ষর**

| বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | ব্যবহারকারী |
|---|---|---|

সংলগ্নিঃ

ক) ড্রইং (ANNEX- A) - ০১ (এক) পাতা।
খ) মূল্য তালিকা (ANNEX- B) - ০১ (এক) পাতা।

# ANNEX-A

**PRINCIPAL PARTICULARS:**

| | |
|---|---|
| LENGTH OVERALL: | 74.50 m |
| LENGTH WATERLINE: | 72.80 m |
| BREADTH (MOULDED): | 13.00 m |
| BREADTH WATERLINE: | 13.00 m |
| DESIGN DRAFT (FP): | 1.00 m |
| DESIGN DRAFT (AP): | 2.20 m |

POWER:

| | |
|---|---|
| PROPULSION: | 2 x 2240 kW |
| AUXILIARY: | 2 x 272 kW |
| EMERGENCY: | 1 x 129 kW |

| | |
|---|---|
| COMPLEMENT (MAX): | 69 PERSONS |
| OFFICERS: | 11 PERSONS |
| SENIOR RATING: | 16 PERSONS |
| JUNIOR RATING: | 42 PERSONS |


NOTATION:
✠100A1 NS3 LANDING CRAFT, SA3 [✠] LMC LA

**RESERVATIONS:**


1. ~~PARTICULARS SUBJECT TO CHANGE BASED ON DESIGN DEVELOPMENT~~
2. ~~ANTENNAE TO BE ARRANGED WITH FURTHER DESIGN DEVELOPMENT~~
3. ARRANGEMENT OF RAMP MACHINERY.
4. FORE MAST ARRANGEMENT

REVISIONS

| ZONE | REV | DESCRIPTION | DRAWN | CHECKED |
|---|---|---|---|---|
| | 0 | INITIAL ISSUE FOR CLIENT REVIEW | JRH 23 JUN 22 | |
| | 1 | SEE SHEET 2 | | |
| | 2 | SEE SHEET 2 | | |
| | 3 | SEE SHEET 2 | | |
| | 4 | SEE SHEET 2 | | |




OUTBOARD PROFILE




| NO | TITLE | DWG NO |
|---|---|---|
| | | |

REFERENCES

| | | |
|---|---|---|
| APPROVED: LR | DATE: 18 DEC 23 | ACCORDING TO INTERNATIONAL LAWS, THIS DRAWING IS THE PROPERTY OF VARD Marine Inc. and VARD Marine US Inc. THE DRAWING CANNOT BE MADE PUBLIC, COPIED OR OTHERWISE USED, WITHOUT OUR WRITTEN CONSENT. |
| APPROVED: BN | DATE: 28 FEB 24 | |
| DRAWN: JRH | DATE: 23 JUN 22 | PROJECT 534 / DWG. NO. 534-601-01 / REV: 4 |
| CHECKED: DG | DATE: 30 JUN 22 | FORMAT A0 |
| VERIFIED: --- | DATE: --- | TITLE: |

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, **Website: www.khulnashipyard.gov.bd**
**E-mail : oiccoml.ksy@gmail.com**


# ANNEX- B: RATE CHART

EOI নং বাবি- ২৯/১৬৩/২৫-২৬

তারিখঃ ২৫/০৯/২০২৫
খোলার তারিখঃ ১২/১০/২০২৫
বেলাঃ ১১-৩০ ঘটিকা

**কাজের বিবরণ ও দরঃ**

| ক্রঃ নং | কাজের বিবরন | কাজের পরিমান (আনুমানিক) | একক দর (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | **পাইপিং কাজের বিবরণঃ**<br>ক. পাইপ সাইজ Ø ১/৮″ হতে Ø ১২″ পর্যন্ত সিষ্টেম ড্রয়িং অনুযায়ী জাহাজের সকল পাইপ ফেব্রিকেশন করতে হবে। পরবর্তীতে ব্লাস্টিং, পিকলিং/ ফ্লাসিং ও গ্যালভানাইজিং (খুশিলি কর্তৃক) সম্পন্ন করতে হবে। পাইপ সাপোর্ট এবং গ্যাসকেট, নাট-বোল্টের মাধ্যমে ফ্লাঞ্জ ও ভাল্ব কানেকশন, থ্রেডেড সকেট কানেকশন, ইত্যাদি দ্বারা ফেব্রিকেটেড পাইপ সমূহ ড্রইং অনুযায়ী জাহাজে যথাযথ ফিটিং করতঃ এয়ার/হাইড্রোস্ট্যাটিক প্রেসার টেস্টিংও টেষ্ট-ট্রায়াল সম্পন্ন করতে হবে।<br>খ. ড্রয়িং এ উল্লেখিত সকল পাইপ ফিটিংস ও এক্সেসরিজ (i)- সাইলেন্সার, স্ট্রেইনার, ভাল্ব, লেভেল গেজ, প্রেসার এন্ড টেম্পারেচার গেজ, এয়ার হর্ণ, কমোড, বেসিন, সিংক, সকল সেনিটারী ও বাথরুম ফিটিংস, সাউন্ডিং ক্যাপ, এয়ার ভেন্ট হেড, ফ্লো মিটার, কুলার, ফিল্টার, ফায়ার মনিটর, ইত্যাদি যথাযথ গ্যাসকেট, নাট-বোল্ট, থ্রেডেড সকেট দ্বারা জাহাজে স্থাপন করতে হবে। যা পাইপ ফিটিং দরের অন্তর্ভূক্ত।<br>গ. **পাইপিং ম্যাটেরিয়ালঃ** কার্বন স্টিল (MS), স্টেইনলেস স্টিল (SS), কপার-নিকেল (Cu-Ni) এবং কপার এলয় পাইপ (Cu-Alloy pipe)।<br>**(বিঃ দ্রঃ সকল ফিটিং, পাইপ বেন্ডিং, পিকলিং/ফ্লাসিং, ক্লাম্পিং, প্রেসার টেস্টিং, টেষ্ট-ট্রায়ালসহ প্রতি মিটার পাইপ ফেব্রিকেশন ও ফিটিং এর দর প্রদান করতে হবে।)** | | | |
| | Ø ১/৮″ হতে Ø ১ ১/২″ পর্যন্ত। | ২৯৫০ মিটার | প্রতি মিটার টাঃ | টাঃ |
| | Ø ২″ হতে Ø ৫″ পর্যন্ত। | ৩১৫০ মিটার | প্রতি মিটার টাঃ | টাঃ |
| | Ø ৬″ হতে Ø ১২″ পর্যন্ত। | ১২০ মিটার | প্রতি মিটার টাঃ | টাঃ |
| ২. | **শ্যাফটিং ও মেশিনারীজ স্থাপনঃ** ড্রয়িং অনুযায়ী মেইন ইঞ্জিন, শ্যাফটিং, স্টিয়ারিং ও মেশিনারী যথাযথ এ্যালাইনমেন্ট, স্থাপন ও টেস্ট ট্রায়াল করতে হবে। | | | |
| | ক) মেইন ইঞ্জিন (২২৪০ কিলোওয়াট), গিয়ার বক্স, শ্যাফটিং ও স্টীয়ারিং সিস্টেম (পোর্ট ও স্টারবোর্ড) | ০২ সেট | প্রতি সেট টাঃ | টাঃ |
| | খ) ০২ টি মেইন ডিজেল জেনারেটর, ০১ টি ইমারজেন্সি জেনারেটর, ৪৫ টি অক্সিলারী মেশিনারী এবং ১১ টি ডেক মেশিনারী | ৫৯ টি | প্রতি পিস টাঃ | টাঃ |
| | গ) সকল মেশিনারী ফাউন্ডেশন ড্রয়িং অনুযায়ী তৈরী ও ফিটিং করা | ০৮ টন | প্রতি টন টাঃ | টাঃ |
| ৩. | শর্ট/ গ্রীড ব্লাষ্টিং কাজ | ১০৫৫০ বর্গ মিটার | প্রতি বর্গমিটার টাঃ | টাঃ |
| ৪. | স্যান্ড ব্লাষ্টিং কাজ | ১১৪৩০ বর্গ মিটার | প্রতি বর্গমিটার টাঃ | টাঃ |
| ৫. | ইন সাইড পেইন্টিং কাজ | ২৯৫০০ বর্গ মিটার | প্রতি বর্গমিটার টাঃ | টাঃ |
| ৬. | আউট সাইড পেইন্টিং কাজ | ২৯৫০০ বর্গ মিটার | প্রতি বর্গমিটার টাঃ | টাঃ |
| ৭. | প্যানেলিং ও সিলিং তৈরী ও ফিটিং কাজ | ১৩১৩০ বর্গ মিটার | প্রতি বর্গমিটার টাঃ | টাঃ |
| ৮. | ল্যাগিং/ইন্সুলেশন তৈরী ও ফিটিং কাজ | ১০৭০০ বর্গ মিটার | প্রতি বর্গমিটার টাঃ | টাঃ |
| | (ড্রয়িং মোতাবেক কার্য সম্পাদন করতে হবে) | | **সর্বমোট** | **টাঃ** |

১) সর্বমোট টাকা : ..........................................................................................................

২) সর্বমোট টাকা (কথায়) : ..........................................................................................................

৩) মন্তব্য (যদি থাকে) : ..........................................................................................................

..........................................................................................................................................................

..........................................................................................................................................................

..........................................................................................................................................................

..........................................................................................................................................................

..........................................................................................................................................................

৪) বর্তমান ঠিকানা : ..........................................................................................................

..........................................................................................................................................................

..........................................................................................................................................................

..........................................................................................................................................................

৫) ই-মেইল : ..........................................................................................................

৬) মোবাইল নম্বর : ..........................................................................................................

৭) সিল ও স্বাক্ষর : ..........................................................................................................

৮) EOI এর সাথে নিম্নে বর্ণিত নথিপত্র জমা প্রদান করতে হবে।

| | | |
|---|---|---|
| ক) | ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি | □ |
| খ) | সম্মতি বিবৃতি | □ |
| গ) | অভিজ্ঞতার সার্টিফিকেট | □ |
| ঘ) | অন্যান্য (যদি থাকে) | □ |

**<u>EOI আহবানকারী কমিটির স্বাক্ষর</u>**

| | | |
|---|---|---|
| ___________________ | ___________________ | ___________________ |
| বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | ব্যবহারকারী |